



একাত্তর ও চব্বিশের দালালদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ থাকার আহ্বান নাহিদের



সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম বলেছেন, একাত্তর ও চব্বিশের দালালদের বিরুদ্ধে দেশপ্রেমিক শক্তি ঐক্যবদ্ধ রয়েছে এবং ভবিষ্যতের বাংলাদেশে তাদেরই বিজয় নিশ্চিত হবে।

মঙ্গলবার (১৬ ডিসেম্বর) মহান বিজয় দিবসে সাভারের জাতীয় স্মৃতিসৌধে জাতির বীর সন্তানদের প্রতি শ্রদ্ধা নিবেদন শেষে তিনি এসব কথা বলেন।

নাহিদ ইসলাম বলেন, সাম্য ও মানবিক মর্যাদার আকাঙ্ক্ষা থেকেই ১৯৭১ সালে বাংলাদেশের অভ্যুদয় হয়েছিল। স্বাধীন ভূখণ্ড অর্জিত হলেও কাঙ্ক্ষিত সাম্য ও মানবিক মর্যাদা প্রতিষ্ঠিত হয়নি। বরং দীর্ঘ সময় ধরে দেশে ফ্যাসিবাদী শাসনব্যবস্থা চাপিয়ে দেওয়া হয়েছে।

তিনি অভিযোগ করেন, পতিত শক্তিগুলো এখনো দেশকে অস্থিতিশীল করতে এবং নির্বাচনকে বাধাগ্রস্ত করতে নানা ষড়যন্ত্রে লিপ্ত। এ পরিস্থিতিতে জনগণকে নিজেদের নিরাপত্তা নিজেরাই নিশ্চিত করতে হবে। শুধুমাত্র সরকারের ওপর নির্ভর করে নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব নয় বলেও মন্তব্য করেন তিনি।

ভোট ও রাজনীতি প্রসঙ্গে নাহিদ ইসলাম বলেন, এনসিপির প্রার্থীরা গণভোটের প্রতীক হয়ে জনগণের দ্বারে দ্বারে পৌঁছাবে। সংস্কারের পক্ষে গণজোয়ার সৃষ্টি হবে এবং ভবিষ্যতমুখী রাজনীতির লক্ষ্যে তরুণদের ঐক্যবদ্ধ ভূমিকা রাখতে হবে।